৪৭ সংযুক্তি-১

# পানি সম্পদ পরিকল্পনা সংস্থার পরিচালনা বোর্ডের ১২তম সভার কার্যবিবরণী

পানি সম্পদ পরিকল্পনা সংস্থার (ওয়ারপো) পরিচালনা বোর্ডের ১২তম সভা বিগত ২৫-০৪-২০১৩ তারিখে পানি সম্পদ মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় পানি সম্পদ মন্ত্রী এবং পানি সম্পদ পরিকল্পনা সংস্থার (ওয়ারপো) পরিচালনা বোর্ডের চেয়ারম্যান জনাব রমেশ চন্দ্র সেন, এমপি উক্ত সভায় সভাপতিত্ব করেন। পানি সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী আলহাজ্ব মোঃ মাহবুবুর রহমান তালুকদার, এমপি বিশেষ আমন্ত্রণে সভায় অংশগ্রহণ করেন।

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা সংযুক্তি 'ক'তে দেখানো হলো।

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানান এবং সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয় -কে সভার কাজ আরম্ভ করার অনুরোধ করেন। সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয় সাভার ট্র্যাজেডির জন্য শোক দিবস উপলক্ষে সভার শুরুতে শোক প্রস্তাব পেশ করেন। তিনি সাভার ট্র্যাজেডিতে আহতদের দ্রুত আরোগ্য লাভের এবং মৃতদের আত্মার মাগফেরাত কামনা করেন।

অতঃপর সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয় মহাপরিচালক, ওয়ারপোকে সভার আলোচ্যসূচী উপস্থাপনের জন্য আমন্ত্রণ জানান। মহাপরিচালক, ওয়ারপো সভার আলোচ্যসূচীর উপর পাওয়ার পয়েন্টে সংক্ষিপ্ত বর্ণনা উপস্থাপন করেন।

**আলোচ্য বিষয়-১: পরিচালনা বোর্ডের ১১তম সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।**

মহাপরিচালক, ওয়ারপো সভাকে অবহিত করেন যে, পরিচালনা বোর্ডের ১১তম সভার কার্যবিবরণী ওয়ারপোর স্মারক নং: ৪২.১০২.০১৮.০১.০০.০০২.১৯৯০-৭৪৬ তারিখ: ০৩-১০-২০১২ মোতাবেক সকল সম্মানিত সদস্যদের নিকট প্রেরণ করা হয়েছে । এই কার্যবিবরণীর উপর অদ্যাবধি কোন মন্তব্য পাওয়া যায় নাই। তিনি এই কার্যবিবরণী নিশ্চিতকরণের জন্য সভায় উত্থাপন করেন।

পরিচালনা বোর্ডের ১১তম সভার কার্যবিবরণীতে উত্থাপিত সিদ্ধান্তসমূহের উপর একটি সংক্ষিপ্ত আলোচনার পর পরিচালনা বোর্ডের সম্মানীত সদস্যবৃন্দ কার্যবিবরণী অনুমোদন বিষয়ে একমত পোষণ করেন।

**গৃহীত সিদ্ধান্ত:**

সভাপতি মহোদয় পরিচালনা বোর্ডের ১১তম সভার কার্যবিবরণী সদয় অনুমোদন প্রদান করেন।

**আলোচ্য বিষয়-২: পরিচালনা বোর্ডের ১১তম সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন।**

মহাপরিচালক, ওয়ারপো বিগত ২৩-০৯-২০১২ তারিখে অনুষ্ঠিত ওয়ারপো পরিচালনা বোর্ডের ১১তম সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ ও বাস্তবায়ন অগ্রগতির উপর পাওয়ার পয়েন্টে একটি প্রতিবেদন উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দের জ্ঞাতার্থে উত্থাপন করেন।

১১তম সভার প্রথম সিদ্ধান্ত: ওয়ারপোর পরিচালনা বোর্ডের সভা নিয়মিতভাবে অনুষ্ঠিত হতে হবে। পরিচালনা বোর্ডের পরবর্তী সভা ডিসেম্বর, ২০১২ তে অনুষ্ঠানের সিদ্ধান্তের বিষয়ে মহাপরিচালক সভাকে অবহিত করেন যে, কারিগরী কমিটির সভা অনুষ্ঠানে বিলম্ব হওয়ায় ডিসেম্বর, ২০১২ এ ১২তম সভা

আহবান করা যায়নি। কারিগরী কমিটির সভা ০৩-১২-২০১২ তারিখে অনুষ্ঠিত হয়। সভার সিদ্ধান্ত অনুসারে পরিচালনা বোর্ডের ১২তম সভায় উপস্থাপনের জন্য Data Dissemination Policyতে প্রয়োজনীয় সংশোধন আনয়ন করতে প্রায় ২ মাস সময় লাগে। পরবর্তীতে বোর্ডের ১২তম সভা মার্চ মাসের ৩১ তারিখে আহবান করা হয়, যা পরবর্তীতে অনিবার্য কারণবশত স্থগিত করা হয়।

পানি সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়কে পরিচালনা বোর্ডের সহ-সভাপতি করার সিদ্ধান্তের বিষয়ে মহাপরিচালক অবহিত করেন যে, পানি সম্পদ পরিকল্পনা আইন, ১৯৯২ সংশোধনের সময় বিষয়টি অগ্রাধিকার দেয়া হবে।

পরিচালনা বোর্ডের ১১তম সভার তৃতীয় সিদ্ধান্ত: ওয়ারপো ভবন নির্মাণের স্থাপত্য নক্সা এক মাসের মধ্যে প্রধান স্থাপত্য এর দপ্তর থেকে অনুমোদন ও ডেপোজিট ওয়ার্ক হিসেবে ভবন নির্মাণ বাপাউবো দ্বারা বাস্তবায়নের সিদ্ধান্তের বিষয়ে মহাপরিচালক সভাকে অবহিত করেন যে, ১১তম সভার সিদ্ধান্ত অনুসারে ওয়ারপো ভবনের স্থাপত্য নক্সা বাংলাদেশ সরকারের প্রধান স্থপতির দপ্তর কর্তৃক অনুমোদন করা হয়েছে এবং কাজটি বাপাউবো কর্তৃক ডেপোজিট ওয়ার্ক হিসেবে বাস্তবায়নের জন্য একটি MoU স্বাক্ষর করা হয়েছে। অদ্য ২৫-০৪-২০১৩ তারিখ উক্ত ভবনের পাইলিং কাজের ফলক উদ্বোধন করার জন্য মাননীয় মন্ত্রী মহোদয় সম্মতি জ্ঞাপন করেছেন।

১১তম সভার চতুর্থ সিদ্ধান্ত: পানি আইন বিষয়ে মহাপরিচালক সভাকে অবহিত করেন যে, পানি আইনটি বর্তমানে বিল আকারে জাতীয় সংসদে আছে। এ সপ্তাহেই এটি সংসদে পাশ হওয়ার সম্ভাবনা আছে।

১১তম সভার পঞ্চম সিদ্ধান্ত: পানি সম্পদ পরিকল্পনা আইন, ১৯৯২ এর আলোকে প্রয়োজনীয় বিধিমালা এর খসড়া মন্ত্রণালয়ে প্রেরণ প্রসঙ্গে মহাপরিচালক সভাকে অবহিত করেন যে, আইনের ধারা ১২ অনুসারে পানি সম্পদ পরিকল্পনা সংস্থা উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ তহবিল বিধিমালা ২০১২ শীর্ষক একটি বিধিমালা প্রণয়নপূর্বক ইতিমধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। অন্যদিকে আইনের ধারা ১০ এর আলোকে পরিচালনা বোর্ড ও সংস্থার কার্যনির্বাহী পরিষদের অনুসরণযোগ্য দু'টি কার্যপদ্ধতি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

ওয়ারপোকে শক্তিশালীকরণ এবং ইহার কার্যক্রমে গতিশীলতা আনয়নের লক্ষ্যে একটি Core Committee গঠন করার সিদ্ধান্ত প্রসঙ্গে মহাপরিচালক সভাকে অবহিত করেন যে, এ সম্পর্কিত একটি প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

১১তম সভার ষষ্ঠ সিদ্ধান্ত: পানি সম্পদ পরিকল্পনা আইন, ১৯৯২ এর ধারা ২২ অনুযায়ী ওয়ারপোর ভবিষ্যৎ কর্মকান্ড পরিচালনার জন্য প্রয়োজনীয় বিধি প্রণয়নপূর্বক ওয়ারপোর অতিরিক্ত জনবল পুন:নির্ধারণ বিষয়ে মহাপরিচালক সভাকে অবহিত করেন যে, বাংলাদেশ পানি আইন, ২০১৩ বলবৎ হলে ওয়ারপোর কার্যক্রম আরো বৃদ্ধি পাবে। এমতাবস্থায় আইনটি পাশ হলে এর আলোকে ওয়ারপোর জনবল পুন: নির্ধারণ করা হবে।

পানি সম্পদ পরিকল্পনা আইন অনুযায়ী ওয়ারপো এককভাবে কিংবা আরআরআইসহ অন্যান্য প্রতিষ্ঠানের সাথে সম্মিলিতভাবে পানি সম্পদ বিষয়ক বিভিন্ন সমীক্ষা কার্যক্রম পরিচালনা বিষয়ে মহাপরিচালক সভাকে অবহিত করেন যে, কি কি বিষয়ে যৌথ সমীক্ষা পরিচালনা করা যায় এ ব্যাপারে আরআরআই মতামত দেয়ার জন্য ওয়ারপো হতে আরআরআইকে পত্র প্রেরণ করা হয়েছে। এ ব্যাপারে অদ্যাবধি কোন মতামত পাওয়া যায় নাই। এ বিষয়ে পুনরায় উদ্যোগ নেয়া হবে।

১১তম সভার ৭ম সিদ্ধান্ত: 'খসড়া তথ্য বিতরণ নীতিমালা' কারিগরী কমিটির মাধ্যমে এক মাসের মধ্যে পর্যালোচনা করে পরবর্তী সভায় উথাপন করতে হবে। এ বিষয়ে মহাপরিচালক সভাকে অবহিত করেন যে, বিগত ০৩-১২-২০১২ তারিখ কারিগরী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। কারিগরী কমিটির সভায় 'খসড়া তথ্য বিতরণ নীতিমালা' আলোচিত হয়েছে। কমিটি এই নীতিমালায় কিছু সংযোজন ও বিয়োজন মূলক ডাটার মূল্য বিষয়ে কিছু গুরুত্বপূর্ণ মতামত প্রদান করেন। কারিগরী কমিটির মতামত অনুসারে নীতিমালাটি সংশোধনপূর্বক অদ্যকার সভায় তা অনুমোদনের জন্য উপস্থপন করা হচ্ছে।

১১তম সভায় সর্বশেষ সিদ্ধান্ত: পরিচালনা বোর্ডের সম্মানীত সদস্যবৃন্দের সম্মানী ভাতা ১,৫০০ টাকা হতে ২,৫০০ টাকায় উন্নীত করার বিষয়ে মহাপরিচালক সভাকে অবহিত করেন যে, সম্মানীত সদস্যদের সম্মানী ভাতা ২,০০০ টাকা প্রদানের জন্য অর্থ মন্ত্রণালয় থেকে অনুমোদন পাওয়া গেছে।

**আলোচনা:**

বিগত বোর্ড সভায় সিদ্ধান্ত ও বাস্তবায়ন বিষয়ে আলোচনায় সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয় বলেন **যে, কারিগরী কমিটি বলবৎ থাকলে Core Committee করার প্রয়োজন হবে না**। এ প্রসঙ্গে কারিগরী কমিটির চেয়ারম্যান ড. এম.এ. সাত্তার মন্ডল, সদস্য (সেচ, কৃষি ও পানি সম্পদ), পরিকল্পনা কমিশন বলেন যে, কারিগরী কমিটির বিগত সভায় Core Committee-র বিষয়ে আলোচনা হয় নাই। তিনি বলেন কারিগরী কমিটির সভা ঘন ঘন করা গেলে Core Committee-র প্রয়োজন হবে না।

ওয়ারপোর জনবল বিষয়ে সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয় বলেন যে, বাংলাদেশ পানি আইন বলবৎ হলে, এর আওতায় অনেক বিধি-বিধান প্রণয়ন করতে হবে এবং ওয়ারপোর কার্যপরিধি অনেক বৃদ্ধি পাবে। এমতাস্থায় বাংলাদেশ পানি আইন পাশ হওয়ার পর এ বিষয়ে ওয়ারপোকে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে বলে মতামত ব্যক্ত করেন।

স্থানীয় সরকার বিভাগের প্রতিনিধি বলেন, IWM & BUET বর্তমানে পরামর্শক সেবায় over burden; ওয়ারপো ২/১ টি কাজের study করে দেখাতে পারে এবং যদি তারা capable হয় তাহলে ওয়ারপোকে পরামর্শক হিসেবে কিছু কিছু কাজে নিয়োজিত করা যেতে পারে।

পরিচালনা বোর্ডের সম্মানীত সদস্যদের সম্মানী বৃদ্ধির ব্যাপারে বন ও পরিবেশ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মহোদয় অবহিত করেন যে, বাপাউবোতেও বোর্ড সদস্যদের সম্মানী ২,৫০০ টাকা প্রদান করা হয়। এ বিষয়ে সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয় অবহিত করেন যে, এ বিষয়ে পুনরায় অর্থ মন্ত্রণালয়কে লিখা যেতে পারে।

**গৃহীত সিদ্ধান্ত:**

১. পরিচালনা বোর্ডের ১১তম সভার সিদ্ধান্ত অনুযায়ী সিনিয়র সচিবদের নিয়ে Core Committee গঠনের সিদ্ধান্ত বাস্তবায়ন না করে, ওয়ারপো কারিগরী কমিটি প্রয়োজনে ঘন ঘন সভা করে প্রয়েজনীয় সিদ্ধান্ত প্রদান করবে।

২. ওয়ারপো পরিচালনা বোর্ডের সম্মানিত সদস্যবৃন্দের সম্মানী বৃদ্ধির ব্যাপারে অর্থ মন্ত্রণালয়ে পুনরায় প্রস্তাব পাঠাতে হতে পারে।

৩. বাংলাদেশ পানি আইন অনুমোদনের পর ওয়ারপোর জনবল বৃদ্ধি ও উক্ত আইনের অধীন প্রয়োজনীয় বিধি-বিধান প্রণয়ন করতে হবে।

৩। **আলোচ্য বিষয়-৩: ওয়ারপো'র পরিচালনা বোর্ড এবং কার্যনির্বাহী পরিষদের কার্যপদ্ধতি অনুমোদন।**

মহাপরিচালক, ওয়ারপো পানি সম্পদ পরিকল্পনা সংস্থা আইন, ১৯৯২ এর ৬ ধারায় গঠিত পরিচালনা বোর্ডের কার্যপদ্ধতি এবং পানি সম্পদ পরিকল্পনা সংস্থা আইন, ১৯৯২ এর ৯ ধারায় গঠিত কার্যনির্বাহী পরিষদের কার্যপদ্ধতি বোর্ডের সদয় অনুমোদনের জন্য উপস্থাপন। তিনি বলেন, ওয়ারপোর পরিচালনার ক্ষেত্রে দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ওয়ারপো পরিচালনা বোর্ড এর কার্যনির্বাহী পরিষদের কার্যপদ্ধতি থাকা আবশ্যক। তিনি জানান যে, উক্ত খসড়া কার্যপদ্ধতি দু'টি বিগত ০৯-১১-২০১২ তারিখের স্মারক নং: ৪২.১০২.০০৬.০৫.০০.০৩৩.২০০২-৮১৫ মোতাবেক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে এবং ১২তম সভায় কাঙ্খিত সিদ্ধান্তের জন্য (সদয় অনুমোদনের জন্য) আলোচ্যসূচীতে অন্তর্ভূক্ত করা হয়েছে।

**আলোচনা:**

সম্মানিত আলোচকবৃন্দ প্রস্তাবিত পানি আইন, ২০১৩ অনুমোদন হওয়ার পর পানি সম্পদ পরিকল্পনা আইন, ১৯৯২ এবং পানি আইন, ২০১৩ এর আলোকে ওয়ারপো পরিচালনা বোর্ডের কার্যনির্বাহী পরিষদের কার্যপদ্ধতি প্রণয়নের ব্যাপারে মতামত ব্যক্ত করেন।

**গৃহীত সিদ্ধান্ত:**

১. পরিচালনা বোর্ডের ১১তম সভায় পানি সম্পদ পরিকল্পনা আইন-১৯৯২ এর আলোকে বোর্ডের কার্যপদ্ধতি বাংলাদেশ পানি আইন, ২০১৩, যা বর্তমানে সংসদে উপস্থাপিত হয়েছে, অনুমোদিত হওয়ার পর পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।

**আলোচ্য বিষয়-৪: খসড়া 'তথ্য বিতরণ নীতি' বিবেচনা ও অনুমোদন।**

মহাপরিচালক, ওয়ারপো সভায় উল্লেখ করেন যে, বিগত ২৩-০৯-২০১২ তারিখে মাননীয় পানি সম্পদ মন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে ১১তম সভায় Data Dissemination Policy উপস্থাপিত হলে সভায় সম্মানিত সদস্যবৃন্দ বর্ণিত Policy'র উপাত্তের উপযুক্ত মূল্য নির্ধারণের পাশাপাশি পরামর্শক প্রতিষ্ঠানের জন্য এ সকল তথ্য-উপাত্ত ব্যবহারের তুলনামুলকভাবে উচ্চ মূল্য নির্ধারণ এবং বিষয়টি ওয়ারপোর কারিগরী কমিটিতে উত্থাপনের পরামর্শ প্রদান করেন। সে অনুযায়ী বিগত ০৩-১২-২০১২ তারিখে ওয়ারপোর কারিগরী কমিটির চেয়ারম্যান ডঃ এম. এ. সাত্তার মন্ডল, সদস্য (সেচ, কৃষি ও পানি সম্পদ), পরিকল্পনা কমিশন এর সভাপতিত্বে ওয়ারপোর কারিগরী কমিটির ২য় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ওয়ারপোর 'Data Dissemination Policy'র প্রয়োজনীয় সংশোধনপূর্বক অনুমোদনের জন্য সুপারিশ করা হয়।

মহাপরিচালক, ওয়ারপো জানান, ওয়ারপোর কারিগরী কমিটির সুপারিশের আলোকে 'Data Dissemination Policy'র প্রয়োজনীয় সংশোধনপূর্বক আজকের সভায় কাঙ্খিত সিদ্ধান্তের (Data Dissemination Policy of WARPO অনুমোদন) জন্য আলোচ্যসূচীতে অন্তর্ভূক্ত করা হয়েছে।

অত:পর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে জনাব মোঃ সিদ্দিকুর রহমান, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (কম্পিউটার ও তথ্য) ওয়ারপো কর্তৃক প্রণীত Data Dissemination Policy এর উপর পাওয়ার পয়েন্টে একটি সংক্ষিপ্ত পটভূমি উপস্থাপন করেন। জনস্বার্থে NWRD-র ব্যাপক প্রচার ও প্রসারের লক্ষ্যে এবং টেকসই পরিকল্পনা প্রণয়ন, বিজ্ঞানভিত্তিক গবেষণা ও উচ্চতর শিক্ষার কাজে বিপুল সংখ্যক ব্যবহারকারীর কাছে বহুল প্রচার ও সহজলভ্য করার জন্য ওয়ারপো Data Dissemination Policy প্রণয়ন করেছে। তিনি সভাকে অবহিত করেন যে, আগষ্ট ২০১২- তে প্রণীত খসড়া নীতিমালাটির উপর মতামত প্রদানের জন্য ওয়ারপোর ওয়েবসাইটে সংযোজনের পাশাপাশি সংশ্লিষ্ট বিভিন্ন সংস্থার নিকট প্রেরণ করা হয়। বিভিন্ন সংস্থা থেকে প্রাপ্ত মতামতের ভিত্তিতে Data Dissemination Policy-টি প্রয়োজনীয় সংযোজন ও পরিমার্জন করা হয়।

পরবর্তীতে ওয়ারপোর কারিগরী কমিটির ২য় সভার সিদ্ধান্তসমূহের আলোকে 'খসড়া Data Dissemination Policy of WARPO'-টির নিম্নোক্ত প্রয়োজনীয় সংশোধন করা হয়েছে, যথা:

১. উপাত্তের মূল্য পর্যালোচনা ও যুক্তিসংগতভাবে বৃদ্ধিপূর্বক NWRD -এর ৪৭৫ টি এবং ICRD-এর ৪৫৪ টি উপাত্তের সংশোধিত মূল্য তালিকা প্রস্তুত করা;
২. পরামর্শক এর ক্ষেত্রে উপাত্তের উচ্চ মূল্য নির্ধারণ এবং গবেষণা কাজে সংশোধিত ডিসকাউন্ট হারে উপাত্ত প্রদান সংক্রান্ত কাজে প্রয়োজনীয় সংযোজন ও সংশোধন করা ;
৩. উপাত্ত ব্যবহারকারীগণের সুবিধার্থে NWRD -এর ৪৭৫ টি এবং ICRD-এর ৪৫৪ টি উপাত্তের Metadata, Data List, Data Field, Data Unit ইত্যাদি ওয়েবসাইটে প্রদান করা এবং Policy-তে এতদসংক্রান্ত প্রয়োজনীয় সংযোজন ও সংশোধন করা।

**আলোচনা:**

Data Dissemination Policy সংক্রান্ত আলোচনা পর্বে সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয় বলেন, তথ্য অধিকার আইন এর সাথে Data Dissemination Policy -র সামঞ্জস্য আছে কিনা তা দেখা প্রয়োজন। মাননীয় প্রতিমন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয় বলেন যে, ভিন্ন ভিন্ন উপাত্ত-ব্যবহারকারীর (যেমন, Student/Research Organization/Consultant /Foreigner ইত্যাদি) জন্য ভিন্ন ভিন্ন উপাত্ত-মূল্য তালিকা (Data Price List) প্রস্তুত করা প্রয়োজন। তিনি NWRD-র ব্যাপক প্রচারের উপরও গুরুত্ব আরোপ করেন।

জনাব সাত্তার মন্ডল গত ০৩-১২-২০১২ তারিখের কারিগরী সভার সিদ্ধান্তসমূহ সভাকে অবহিত করেন এবং বর্তমান Data Dissemination Policy অনুমোদন করার পক্ষে মত প্রকাশ করেন এবং প্রয়োজনে ৬ (ছয়) মাস পরে পলিসিটি review করা যাবে বলে মতামত ব্যক্ত করেন।

সচিব, নৌপরিবহণ মন্ত্রণালয় data price এর ব্যাপারে বলেন "pricing is always depend on demand side"। ওয়ারপোর data সম্বন্ধে তার না জানার কথা বলেন এবং তিনি আরও মনে করেন যে অনেক stakeholder ই ওয়ারপোর ডাটা সম্বন্ধে পরিপূর্ণ অবগত নন। এ পর্যায়ে তিনি

ওয়ারপোর ডাটা stakeholder দেরকে অবহিত করার জন্য workshop, seminar করার জন্য গুরুত্ব আরোপ করেন। তিনি অভিমত ব্যক্ত করেন যে, অদ্যাবধি কোন্ কোন্ ব্যক্তি/সংস্থা ওয়ারপোর ডাটা ব্যবহার করেছে এবং এতে কত টাকা আয় হয়েছে তা পরবর্তী সভায় উপস্থাপন করার প্রস্তাব করেন।

**গৃহীত সিদ্ধান্ত:**

১. প্রস্তাবিত Data Dissemination Policy অনুমোদন করা হল।

২. পরামর্শকের ক্ষেত্রে Data Dissemination Policy-তে পৃথক মূল্য তালিকা প্রণয়ন করতে হবে।

৩. Data Dissemination Policy টি stakeholder দের মধ্যে ব্যাপক প্রচারের ব্যবস্থা করতে হবে।

৪. অদ্যাবধি কোন্ কোন্ ব্যক্তি/সংস্থা ওয়ারপোর ডাটা ব্যবহার করেছে এবং এতে কত টাকা আয় হয়েছে তা পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।

**আলোচ্য বিষয়-৫: বিবিধ**

সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয় ওয়ারপোর কার্যকলাপ বিষয়ে বোর্ডের পরবর্তী সভায় পাওয়ারপয়েন্ট উপস্থাপন করার বিষয়ে প্রস্তাব করেন।

**গৃহীত সিদ্ধান্ত:**

ওয়ারপোর কার্যকলাপ বিষয়ে বোর্ডের পরবর্তী সভায় একটি পাওয়ার পয়েন্ট উপস্থাপন করতে হবে।

পরিশেষে পরিচালনা বোর্ডের সভাপতি মাননীয় মন্ত্রী সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত ঘোষণা করেন।

(মোঃ সহিদুর রহমান)
মহাপরিচালক, ওয়ারপো
ও
সদস্য-সচিব, পরিচালনা বোর্ড
পানি সম্পদ পরিকল্পনা সংস্থা

(রমেশ চন্দ্র সেন)
মন্ত্রী
পানি সম্পদ মন্ত্রণালয়
ও
চেয়ারম্যান, পরিচালনা বোর্ড
পানি সম্পদ পরিকল্পনা সংস্থা

## পানি সম্পদ পরিকল্পনা সংস্থার (ওয়ারপো) পরিচালনা বোর্ডের ১২তম সভা

সভাপতি : জনাব রমেশ চন্দ্র সেন, মাননীয় মন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয়।
তারিখ : ২৫-০৪-২০১৩খ্রিঃ
সময় : ১০:০০ মিঃ
স্থান : সভা কক্ষ (কক্ষ নং-৪০৬), পানি সম্পদ মন্ত্রণালয়।

| ক্রমিক নং | নাম ও পদবী | দপ্তর | টেলিফোন নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১. | মোহাঃ মনজুরুল ইসলাম<br>সচিব | নৌ পরিবহন মন্ত্রণালয় | | [signature] ২৫/৪/১৩ |
| ২. | ডঃ এম.এ. সাত্তার মন্ডল<br>সদস্য | পরিকল্পনা কমিশন | | [signature] |
| ৩. | স্বপন কুমার সরকার<br>মহাপরিচালক | স্থানীয় সরকার বিভাগ | ৯৫৭৩৭৭৯ | [signature] |
| ৪. | মোঃ আব্দুল মাজিদ<br>অতি: সচিব কৃষি মন্ত্রণালয় | কৃষি মন্ত্রণালয় | 9549658 | [signature] ২৫/৪/১৩ |
| ৫. | এম. এ. [illegible]<br>অতিরিক্ত সচিব | বাণিজ্য ও বস্ত্র মন্ত্রণালয় | 9540200 | [signature] ২৫/৪/২০১৩ |
| ৬. | [illegible]<br>যুগ্ম-সচিব | অর্থ বিভাগ | ৯৫১৩৩৩৪ | [signature] ২৫-৪-১৩ |
| ৭. | [illegible] | [illegible] মন্ত্রণালয় | | [signature] |
| ৮. | মো: মজিবুর রহমান<br>[illegible] | [illegible] | ৯১৮০৭৭৯ | [signature] |
| ৯. | | | | |
| ১০. | | | | |